# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 20-03-2026** **Time: 7.35 AM**

---

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্ব খতিয়ে দেখতে নির্বাচন কমিশন আজ জেলা নির্বাচনী আধিকারিক ও পুলিশ কর্তাদের সঙ্গে বৈঠকে বসছেন।

এদিকে রাজ্যে এসআইআর প্রক্রিয়ায় প্রথম অতিরিক্ত তালিকা আজ প্রকাশিত হতে পারে।

২) আসন্ন বিধানসভা নির্বাচনে প্রবীণ, বিশেষভাবে সক্ষম এবং কর্তব্যরত ভোটদাতাদের সুবিধার্থে নির্বাচন কমিশন, বিশেষ ব্যবস্থা নিয়েছে।

৩) নবনিযুক্ত রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি প্রশাসন ও পুলিশ কর্তাদের সঙ্গে এক বৈঠকে আইনের শাসন রক্ষায় উপযুক্ত পরিবেশ গড়ে তোলা এবং আইন ভঙ্গকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন।

৪) আগামীকাল পবিত্র ঈদ উল ফিতর।

৫) রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী রবিবার পর্যন্ত ঝড়ো হাওয়া ও বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি এবং শিলাবৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

৬) আইএসএল ফুটবলে যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, মুম্বাই সিটি এফ সি-র বিরুদ্ধে খেলবে।

---

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্ব খতিয়ে দেখতে নির্বাচন কমিশন আজ জেলা নির্বাচনী আধিকারিক ও পুলিশ কর্তাদের সঙ্গে বৈঠকে বসছেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে দুপুর একটা নাগাদ ওই বৈঠক হওয়ার কথা। কমিশনের প্রতিনিধি ছাড়াও রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক, অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক সহ সব জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার এবং জেলা পুলিশ সুপারদের ওই বৈঠকে উপস্থিত থাকার কথা।

------------------

রাজ্যে এস আই আর প্রক্রিয়ায় এডজুডিকেশনে থাকা ভোটারদের নাম ঝাড়াই বাছাইয়ের পর প্রথম অতিরিক্ত তালিকা বা সাপ্লিমেন্টারী লিস্ট আজ প্রকাশিত হতে পারে।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনের পর গত ২৮ শে ফেব্রুয়ারী প্রকাশিত হয় চূড়ান্ত ভোটার তালিকা। তাতেই ৬০ লক্ষেরও বেশি নাম বিচারাধীন ছিল।

এদিকে, অতিরিক্ত তালিকা প্রকাশের পর যে সমস্ত নাম বাদ যাচ্ছে তাদের পক্ষ থেকে কোথাও যাতে অশান্তি ছড়াতে না পারে সে দিকে নজর রাখার পাশাপাশি এস আই আরের কাজে নিযুক্ত বিচারক বা জুডিশিয়াল আধিকারিদের নিরাপত্তা সুনিশ্চিত করতে গতকাল এক জরুরি বৈঠক করেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল।

এসআইআর-এর প্রথম অতিরিক্ত তালিকা প্রকাশের আগে মুখ্যসচিব দুষ্যন্ত নারিয়ালও, নির্বাচন কমিশনের সিইও মনোজ আগরওয়াল এবং কমিশনের বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্তের সঙ্গে বৈঠক করেন।

অন্যদিকে, মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগারওয়ালও আর এক দফা বৈঠকে মিলিত হন। বিশেষ পুলিশ পর্যবেক্ষক N K মিশ্র, রাজ্য পুলিশের মহানির্দেশক সিদ্ধিনাথ

গুপ্তা, ADG (আইন শৃঙ্খলা) অজয় রানাডে, রাজ্য পুলিশের নোডাল অফিসার আনন্দ কুমার, কলকাতার পুলিশ কমিশনার অজয় কুমার নন্দ প্রমুখ বৈঠকে যোগ দেন।

কোনো বৈঠক নিয়েই বিস্তারিত কিছু জানা যায়নি। তবে অতিরিক্ত তালিকা প্রকাশের আগে রাজ্যের আইন শৃঙ্খলা ও নিরাপত্তা রক্ষায় বিশেষ নজরদারির রাখার ব্যাপারে আলোচনা হয় বলে মনে করা হচ্ছে।

------------------

বিধানসভা নির্বাচনে প্রবীণ, বিশেষভাবে সক্ষম এবং কর্তব্যরত ভোটদাতাদের সুবিধার্থে নির্বাচন কমিশন, বিশেষ ব্যবস্থা নিয়েছে। কমিশনের নির্দেশিকা অনুযায়ী, ৮৫ বছরের বেশি বয়সী এবং ভোটার তালিকায় চিহ্নিত ভিন্ন ভাবে সক্ষম ভোটদাতারা 'ফর্ম ১২ডি'-এর মাধ্যমে আবেদন করে বাড়িতে বসেই ভোট দিতে পারবেন। নির্দিষ্ট সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের কাছে আবেদন জমা দিতে হবে। তার ভিত্তিতে নির্ধারিত সূচি অনুযায়ী বাড়ি বাড়ি গিয়ে ভোট সংগ্রহ করবে কমিশনের দল।

এ ছাড়াও জরুরি পরিষেবায় যুক্ত কর্মীরাও পোস্টাল ব্যালটের সুবিধা পাবেন। অগ্নিনির্বাপক পরিষেবা, স্বাস্থ্য, বিদ্যুৎ, ট্রাফিক, অ্যাম্বুল্যান্স, বিমান পরিষেবা এবং দূরপাল্লার সরকারি পরিবহন পরিষেবার সঙ্গে যুক্ত কর্মীরা এই ব্যবস্থার আওতায় পড়বেন। নির্বাচনী দায়িত্বে থাকা কর্মীদের ক্ষেত্রেও এই সুবিধা প্রযোজ্য। তাঁরা নির্দিষ্ট কেন্দ্রে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিয়ে তা জমা করতে পারবেন।

------------------

নবনিযুক্ত রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি গতকাল রাজ্য প্রশাসনের শীর্ষ কর্তা ও পুপিশ আধিকারেকর সঙ্গে এক বৈঠকে মিলিত হন। নতুন মুখ্য সচিব দুষ্যন্ত নারিয়াল, স্বরাষ্ট্র সচিব

সংঘমিত্রা ঘোষ, রাজ্য পুলিশের মহা নির্দেশক সিদ্ধিনাথ গুপ্তা এবং কলকাতার পুলিশ কমিশনার অজয় কুমার নন্দ, লোক ভবনে ঐ বৈঠকে উপস্থিত ছিলেন। রাজ্যের বর্তমান আইনশৃঙ্খলা বিস্তারিত পর্যালোচনা করা হয় বৈঠকে। রাজ্যপাল রাজ্যে আইনের শাসন রক্ষায় উপযুক্ত পরিবেশ গড়ে তোলা এবং আইন ভঙ্গকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্তা গ্রহণের নির্দেশ দেন, যাতে সাধারণ মানুষ নির্ভয়ে অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে ভোট দিতে পারেন।

------------------

রাজ্য বিধানসভা নির্বাচনে বিজেপি তাদের দ্বিতীয় প্রার্থী তালিকা প্রকাশ করেছে। **১১১** জনের এই তালিকায় উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে রয়েছেন, কোচবিহারের মাথাভাঙ্গার প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী নিশিথ প্রামাণিক। দুই প্রাক্তন সাংসদ - উত্তর ২৪ পরগণার নোয়াপাড়া থেকে অর্জুন সিং এবং পূর্ব মেদিনীপুরের এগরা থেকে দিব্যেন্দু অধিকারীকে প্রার্থী করা হয়েছে। এছাড়া বিধায়ক স্বপন মজুমদার, অশোক কীর্তনীয়া, সুব্রত ঠাকুর, নীলাদ্রি শেখর দানা প্রমূখও তালিকায় রয়েছেন। বেহালা পশ্চিম আসনের প্রার্থী হচ্ছেন দলের যুব মোর্চার রাজ্য সভাপতি ইন্দ্রনীল খান।

খড়গপুর সদর কেন্দ্রের প্রাক্তন সাংসদ দিলীপ ঘোষ প্রার্থী হিসেবে মনোনীত হওয়ায় সেখানকার বর্তমান বিধায়ক অভিনেতা হিরণ চট্টোপাধ্যায়কে দাঁড় করানো হয়েছে হাওড়ার শ্যামপুর বিধানসভা কেন্দ্র থেকে। অভিনেত্রী রূপা গাঙ্গুলী সোনারপুর দক্ষিণ এবং পাপিয়া অধিকারী টালিগঞ্জে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

প্রথম তালিকায় দক্ষিণ ২৪ পরগণার বিষ্ণুপুর সংরক্ষিত আসনের প্রার্থী বদল করে বিশ্বজিত্ খাঁ-কে সেখানে মনোনীত করা হয়েছে।

অন্যদিকে পুরুলিয়ার জয়পুরে বিজেপি সমর্থিত প্রার্থী হিসাবে বিশ্বজিত্‍ মাহাতোর নামও ঘোষণা করা হয়েছে।

পরে এক সাংবাদিক বৈঠকে বিজেপির প্রধান রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার বলেন, এপর্যন্ত ২৫৬ জন প্রার্থীর তালিকা ঘোষণা করা হয়েছে।

উল্লেখ্য বিজেপি প্রথম দফায় ১৪৪ জন প্রার্থীর নামের তালিকা প্রকাশ করে।

------------------

বিধানসভার নির্বাচনে বামফ্রন্টও তাদের দ্বিতীয় প্রার্থী তালিকা প্রকাশ করেছে। ৩২ জনের এই তালিকায় রয়েছেন তিনজন মহিলা। শরিক দলগুলির মধ্যে সিপিআইএম ২৮, সিপিআই ৩ এবং RSP ১ টি আসনে প্রার্থী দিয়েছে। উল্লেখ্যযোগ্য প্রার্থীদের মধ্যে রয়েছেন ভবানীপুরে আইনজীবী শ্রীজিব বিশ্বাস, টালিগঞ্জে অধ্যাপক পার্থ প্রতিম বিশ্বাস, বালিগঞ্জে আফরিন বেগম, মেটিয়াবুরুজে আইনজীবী মনিরুল ইসলাম, জয়নগরে অপূর্ব প্রামানিক, নয়াগ্রামে ডক্টর পুলিন বিহারী বাস্কে প্রমুখ।

ফ্রন্টের চেয়ারম্যান বিমান বসুর শারীরিক অসুস্থতার কারণে প্রবীণ আরসিপিআই নেতা মিহির বাইন এই প্রার্থী তালিকা ঘোষণা করেন।

উল্লেখ্য, বামফ্রন্ট প্রথম দফায় ১৯২ জন প্রার্থীর নাম ঘোষণা করেছিল।

এদিকে, ভারতীয় রাষ্ট্রীয় ফরওয়ার্ড ব্লক এবারের বিধানসভা নির্বাচনে ২৮ টি আসবে প্রার্থী দেব। কলকাতা প্রেস ক্লাবে গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাষ্ট্রীয় সংগঠন সম্পাদক S P তেওয়ারি একথা জানান। তিনি বলেন, রাজ্যের মানুষের স্বার্থ দেখার জন্য নয়, ক্ষমতা দখলের জন্য রাজনীতি করছেন সকলেই।

বাইট

অন্যদিকে, জন সংগ্রাম মঞ্চও এবারের নির্বাচনে ৭ টি আসনে প্রার্থী দেবে বলে জানিয়েছে। সংগঠনের আহবায়ক রাজন্যা হালদার গতকাল কলকাতা প্রেস ক্লাবে এক সাংবাদিক বৈঠকে জানান, সোনারপুর উত্তর ও দক্ষিণ, খড়দা, রাজারহাট-নিউটাউন, নবদ্বীপ, আসানসোল দক্ষিণ ও নোয়াপাড়া এই আসনগুলিতে তারা প্রতিদ্বন্দ্বিতা করবেন।

**কর্ম সংস্থান, মৌলিক অধিকার সুরক্ষা, নারী সুরক্ষা, সম কাজে সম বেতন সহ ২২ দফা কর্মসূচী সম্বলিত ইস্তাহারও প্রকাশ করা হয় তাদের পক্ষ থেকে।**

এদিকে আইএসএফ-এর প্রার্থী তালিকা আজ প্রকাশিত হতে পারে।

তৃণমূল কংগ্রেসের প্রাক্তন বিধায়ক আরাবুল ইসলাম গতকাল ISF এ যোগদান করেন। সাংবাদিকদের তিনি বলেন, শাসকদলের চক্রান্তের বিরুদ্ধেই তাঁর এই দলত্যাগের সিদ্ধান্ত।

বাইট

-------------------

বিজেপি সম্প্রতি রাজ্যে প্রশাসনিক স্তরে রদবদল নিয়ে মুখ্যমন্ত্রীর মন্তব্যের সমালোচনা করেছে। দলের রাজ্যসভার নির্বাচিত প্রার্থী রাহুল সিনহা গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বলেন, অবাধ ও সুষ্ঠু নির্বাচন করার লক্ষ্যে প্রশাসনিক স্তরে এই রদবদল করা হয়েছে। তাঁর দাবি, নির্বাচনী সন্ত্রাস ও ভোট লুটের কাজে সহায়তার জন্যই মুখ্যমন্ত্রী এই সব বশংবদ পুলিশ আধিকারিকদের বিভিন্ন পদে এনেছিলেন। এখন তাদের সরিয়ে দেওয়ায় মুখ্যমন্ত্রী ক্ষুব্ধ হয়ে কমিশনের সমালোচনা করছেন।

বাইট

শ্রী সিনহার আরও অভিযোগ, গত এক মাসে রাজ্য সরকার ৮৫ জন পুলিশ কর্মীকে বদলি করেছে। অথচ এখন নির্বাচন কমিশনের পদক্ষেপের বিরোধিতা করছেন।

রাজ্যে নির্বাচন যত এগিয়ে আসছে. রাজনৈতিক হিংসা ও বোমা বিস্ফোরণের ঘটনা ততই বৃদ্ধি পাচ্ছে বলে রাহুল সিনহা দাবি করেন। বিভিন্ন প্রান্তে একাধিক বোমা বিস্ফোরণ ও অস্ত্র মজুদের যেসব ঘটনা সামনে আসছে, তার সঙ্গে তৃণমূল কংগ্রেসের যোগসূত্র আছে বলেও তিনি স্পষ্ট উল্লেখ করেন। এই অগ্নিগর্ভ পরিস্থিতির জন্য মুখ্যমন্ত্রী ও তাঁর ভোট রাজনীতিকেই দায়ী করেন শ্রী সিনহা।

------------------

আগামীকাল পবিত্র ঈদ উল ফিতর। ১৪৪৭ হিজরির শাওয়াল মাসের চাঁদ না দেখা যাওয়ায় ভারতে ঈদ উদযাপিত হবে আগামীকাল অর্থাৎ ২১ তারিখ। নাখোদা মসজিদের তরফে গতরাতে এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়। এদিকে এক মাস সংযমের রমজান উপবাসের পর খুশির ঈদের আগে জমে উঠেছে বাজার। দেদার বিক্রি হচ্ছে সিমই, লাচ্ছা এবং সুগন্ধি আতর। নতুন জামা জুতো কিনতে বড়দের হাত ধরে ছোটরা ও হাজির দোকানে।

------------------

অনুকূল পরিস্থিতি এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প প্রবেশের কারণে পশ্চিমবঙ্গের প্রায় সব জেলাতেই রবিবার পর্যন্ত ঝড়ো হাওয়া ও বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি এবং শিলাবৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব ও পশ্চিম বর্ধমান, হাওড়া এবং হুগলী জেলায় আজ শিলাবৃষ্টি, দমকা হাওা ও বজ্রবিদ্যুত্ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

বাতাসের গতিবেগও আজ বাড়তে পারে এবং কালবৈশাখীর সম্ভাবনা আছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন।

বাইট

উপকূলবর্তী এলাকায় ঝোড়া হাওয়া বয়ে যাবে। ফলে মৎস্যজীবীদের পশ্চিমবঙ্গ ও উত্তর ওড়িশা উপকূলবর্তী এলাকায় আজ ও আগামীকাল সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

এদিকে, কলকাতায় গতকাল সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের থেকে কিছুটা কম থাকলেও আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে, ২৫ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে প্রায় ২ ডিগ্রি বেশি।

------------------

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট, মুম্বাই সিটি এফ সি, র বিরূদ্ধে খেলবে।

খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

মোহনবাগান পাঁচ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে লিগ তালিকার শীর্ষে রয়েছে।

অন্যদিকে তৃতীয় স্থানে থাকা মুম্বাই এফ সি, র পাঁচ ম্যাচে পয়েন্ট এগারো।

------------------ ------------------